DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 11:29 PM

আন্তর্জাতিক

# এক দিনে ১২ দেশে ভূমিকম্প

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১৯ জুলাই ২০২৬, ১১:৩০ AM



এক দিনে (২৪ ঘণ্টার রেকর্ড) বিশ্বের বিভিন্ন বেশি কিছু দেশ ও অঞ্চলে ভূমিকম্প রেকর্ড করা হয়েছে। আন্তর্জাতিক ভূমিকম্প পর্যবেক্ষণ সংস্থাগুলো জানাচ্ছে, এসব ভূমিকম্পের মধ্যে সবচেয়ে শক্তিশালীটি আঘাত হানে মেক্সিকোতে। এর মাত্রা ছিল ৭ দশমিক ৩।

তথ্য অনুযায়ী, গত এক দিনে বিশ্বের ডজনখানেকের বেশি দেশ ও অঞ্চলে ২.০ বা তার বেশি মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। মেক্সিকোর পাশাপাশি ফিলিপাইনে সর্বোচ্চ ৫.৩, ইয়েমেনে ৫.৩, নিউজিল্যান্ডে ৫.২, সলোমন দ্বীপপুঞ্জে ৫.১ এবং তুরস্কে ৫.০ মাত্রার ভূমিকম্প রেকর্ড করা হয়েছে।

এছাড়া যুক্তরাষ্ট্র, জাপান, ইন্দোনেশিয়া, আলাস্কা, ভানুয়াতু, ভার্জিন দ্বীপপুঞ্জসহ আরও কয়েকটি দেশ ও অঞ্চলে ছোট ও মাঝারি মাত্রার একাধিক ভূমিকম্প হয়েছে।

ভূমিকম্প পর্যবেক্ষণ সংস্থাগুলোর মতে, বেশিরভাগ ভূমিকম্পই তুলনামূলক কম মাত্রার হওয়ায় বড় ধরনের ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

তবে শক্তিশালী ভূমিকম্পপ্রবণ এলাকাগুলোতে পরিস্থিতি পর্যবেক্ষণ অব্যাহত রয়েছে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় সতর্কতা জারি করেছে।


---

## এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই □নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে□ যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**

ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্মা...




**ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প**

ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



**হরমুজকে □মার্কিন ভূখণ্ড□ হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প**

ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



**ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট**
আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/ek-dine-12-deshe-bhumikmp